ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২৩

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**কৃষ্ণকুমার টিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির**



জনগণের দোরগোড়ায় স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে খোয়াই জেলার কল্যাণপুর সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে বড়ময়দান আয়ুষ্মান আরোগ্য মন্দির এলাকার কৃষ্ণকুমার টিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।এই শিবিরের মূল উদ্দেশ্য ছিল স্থানীয় জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা এবং তাদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করা। শিবিরে উপস্থিত চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, রক্তের হিমোগ্লোবিন সহ নানা স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করেন।শিবিরে মোট ৪৬ জন স্থানীয় বাসিন্দা বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা গ্রহণ করেন। এছাড়াও ১২ জনের প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা কার্ড ) PMJAY) তৈরি করা হয়, যা ভবিষ্যতে তাদের স্বাস্থ্যসেবা গ্রহণে সহায়ক হবে।এই স্বাস্থ্য শিবিরে উপস্থিত ছিলেন কল্যাণপুর সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ সুপ্রিয় বর্মন, ডাঃ হিলিয়ান দেববর্মা, বড়ময়দান আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার সুপর্ণা দাস, মাল্টিপারপাস ওয়ার্কার শৈলেন দেববর্মা, ল্যাব টেকনিশিয়ান আয়শ্রী দেববর্মা এবং আয়ুষ্মান মিত্র অজিত সরকার প্রমুখ।স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****